# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৭ | ৮ |

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ জনাব সজিব এবং জনাব মামুন একটি প্রতিষ্ঠানে কর্মরত। উভয়ের কর্মকাণ্ডের ওপর প্রতিষ্ঠানের সফলতা বহুলাংশে নির্ভরশীল। জনাব সজিবকে প্রতিষ্ঠানের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে নীতিমালা ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করতে হয়। অন্যদিকে জনাব মামুন প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীদের তত্ত্বাবধানের সাথে জড়িত। প্রতিষ্ঠানের সামগ্রিক পরিকল্পনা বাস্তবায়নের জন্য তিনি অধীনস্থ কর্মচারীদের উপদেশ, নির্দেশ দিয়ে থাকেন। তিনিও সময়ে সময়ে অর্পিত দায়িত্ব পালনের জন্য নিজস্ব পরিকল্পনা প্রণয়ন করে থাকেন।

ক. শিল্প বিপ্লব কী? ১

খ. মানবসম্পদ উন্নয়নে ব্যবস্থাপনার গুরুত্ব ব্যাখ্যা করো। ২

গ. জনাব সজিব ব্যবস্থাপনার কোন স্তরে কর্মরত? ব্যাখ্যা করো। ৩

ঘ. "সাংগঠনিক স্তর বিবেচনায় জনাব মামুন সিদ্ধান্ত গ্রহণের চেয়ে সিদ্ধান্ত বাস্তবায়নের সাথে অধিক মাত্রায় সম্পৃক্ত"— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

২. ▶ মি. তারেক তার প্রতিষ্ঠানের সমস্ত কাজকে কাজের প্রকৃতি অনুযায়ী বিভক্ত করেন। বিভিন্ন বিষয়ে বিশেষজ্ঞ কর্মীদেরকে তিনি বিভাগীয় কাজে নিয়োজিত করেন। মি. জাহান সময়ে সময়ে তাদের অগ্রগতির খবরাখবর নেন। প্রতিষ্ঠানের লক্ষ্য অনুযায়ী কার্যাবলি সম্পাদনে তিনি সবসময় মানসিকভাবে প্রস্তুত থাকেন। এতে প্রতিষ্ঠানটি দিন দিন সফলতা অর্জন করছে।

ক. সমন্বয়সাধন কী? ১

খ. ব্যবস্থাপনা চক্র বলতে কী বোঝায়? ২

গ. মি. তারেক কোন স্তরের ব্যবস্থাপক? ব্যাখ্যা করো। ৩

ঘ. কার্যভিত্তিক সংগঠন কাঠামোর অনুসরণই মি. তারেকের প্রতিষ্ঠানে সফলতার মূল কারণ— তুমি কি একমত? যুক্তিসহ মতামত দাও। ৪

৩. ▶ মি. ফরহাদ সিলভার এগ্রো ফুড লিমিটেড-এর একজন কর্মকর্তা। তিনি প্রতিষ্ঠানের লক্ষ্য নির্ধারণ ও নীতি প্রণয়নের সাথে সম্পৃক্ত। প্রতিষ্ঠানের নির্ধারিত লক্ষ্য নির্দিষ্ট সময়ের মধ্যে অর্জনের জন্য তিনি শ্রমিকদেরকে প্রতিদিন এক ঘণ্টা করে অতিরিক্ত কাজ করার জন্য নির্দেশ দেন। কিন্তু এজন্য তিনি কোনো পারিশ্রমিক দিবেন না বলে ঘোষণা দেন। এতে মালিক পক্ষ সন্তুষ্ট হলেও শ্রমিকদের মাঝে অসন্তোষ দানা বাঁধতে শুরু করে।

Teachingbd24.com

ক. নির্দেশনার ঐক্য কী? ১
খ. জোড়া মই শিকল নীতি বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের মি. ফরহাদ কি প্রশাসক নাকি ব্যবস্থাপক? বুঝিয়ে লেখো। ৩
ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানের শ্রমিক অসন্তোষের জন্য ব্যবস্থাপনার কোন নীতির ব্যত্যয় দায়ী বলে তুমি মনে করো? ৪

৪. ▶জনাব কাশেম ৭ বৎসর যাবৎ আদিত্য নিটওয়্যারে কর্মরত ছিলেন। সম্প্রতি তিনি রজনী হোমটেক্স লি.-এ উৎপাদন ব্যবস্থাপক হিসেবে যোগদান করেছেন। যোগদানের পরদিনই তাকে একটি স্বয়ংক্রিয় মেশিন ক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে বলা হলো। তিনি এ সম্পর্কিত বিভিন্ন তথ্য পর্যালোচনা করে দেখলেন যে মেশিনটি নিঃসন্দেহে ব্যয় সাশ্রয়ী। তিনি শ্রমিক-কর্মীদের মতামত নিলেন। তাদের অধিকাংশ আগ্রহী নয় কারণ তারা এর ব্যবহার জানে না। তবে জনাব কাশেমের মনে হলো প্রশিক্ষণের ব্যবস্থা করলে এ অবস্থা থাকবে না। ঝুঁকি থাকা সত্ত্বেও তিনি মেশিন ক্রয়ের ইতিবাচক সিদ্ধান্ত নিলেন। পরবর্তীতে দেখা গেল তার সিদ্ধান্তটি সঠিক ছিল।

ক. সিদ্ধান্ত গ্রহণ কী? ১
খ. সিদ্ধান্ত বাস্তবায়নে সহযোগিতা গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২
গ. বিরূপ পরিস্থিতিতে জনাব কাশেমের ইতিবাচক সিদ্ধান্ত গ্রহণে সহায়তাকারী মূল উপাদানটি কী? ব্যাখ্যা করো। ৩
ঘ. "সিদ্ধান্ত গ্রহণে বিবেচ্য বিষয়গুলোর যথাযথ বিবেচনাই জনাব কাশেমের সঠিক সিদ্ধান্তের মূল ভিত্তি"— মূল্যায়ন করো। ৪

৫. ▶অনুপম কসমেটিক কারখানায় সাবান, শ্যাম্পু ও বডি লোশন তিন ধরনের পণ্য উৎপাদন হয়। প্রতিটি পণ্য উৎপাদনের জন্য কারখানায় একটি করে বিভাগ আছে। প্রতি বিভাগের অধীনে আবার দুটি করে সেকশন আছে। কারখানার প্রধান হিসাবে একজন কারখানা ব্যবস্থাপক দায়িত্ব পালন করেন। প্রতি বিভাগের জন্য একজন করে ফোরম্যান আছে তারা কারখানা ব্যবস্থাপকের নিকট জবাবদিহি করেন। প্রতি বিভাগের অধীনে সেকশনের দায়িত্বে আছে একজন করে তত্ত্বাবধায়ক। তারা স্ব স্ব বিভাগের ফোরম্যানের নির্দেশে কাজ করে। সম্প্রতি বিদ্যমান সংগঠন কাঠামোতে বিশেষজ্ঞ ব্যক্তিকে কার্য উপদেষ্টা হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। কার্য উপদেষ্টা বিভিন্ন বিষয়ে কারখানা ব্যবস্থাপককে পরামর্শ সহায়তা দেবেন।

ক. কার্যবিভাগ কী? ১
খ. "আদর্শ সংগঠনে দায়িত্ব ও কর্তৃত্ব ভারসাম্যপূর্ণ হয়"— ব্যাখ্যা করো। ২
গ. বর্তমানে অনুপম কসমেটিক-এর সংগঠন কাঠামোর ধরন ব্যাখ্যা করো। ৩
ঘ. অনুপম কসমেটিক-এর পূর্ববর্তী কাঠামোর কর্তৃত্ব প্রবাহ বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৬. ▶ মৌসুমি এপারেলস প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়। ১৩ জন প্রার্থীর দরখাস্ত বাছাই করে ৯ জনকে নিযুক্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য মনোনীত করে। এরা সবাই একটি বুদ্ধিমত্তা পরীক্ষায় অংশগ্রহণ করলেও অধিক যোগ্যতাসম্পন্ন ৫ জনকে সাক্ষাৎকারের জন্য ডাকা হয়।

ক. পদোন্নতি কী? ১

খ. মানবসম্পদ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কর্মীসংস্থানের কোন ধরনের মৌলিক উৎস ব্যবহার করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো প্রার্থিত পদের জন্য বুদ্ধিমত্তা পরীক্ষা যথাযথ ছিল? যুক্তিসহ মতামত দাও। ৪

৭. ▶ কেয়া লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব কবির বিশ্বাস করেন যে, কর্মীরা ব্যক্তিগত অসুবিধা ছাড়া কাজে ফাঁকি দেয় না। সিদ্ধান্ত গ্রহণে তাদের অংশগ্রহণের সুযোগ দিলে কাজের প্রতি তাদের অঙ্গীকার বৃদ্ধি পায়। তবে প্রতিষ্ঠানের স্বার্থে যেকোনো ধরনের সিদ্ধান্ত নিতে তিনি কুণ্ঠাবোধ করেন না। তবে আবেগের বশবর্তী হয়ে তিনি কোনো কাজ করেন না। যেকোনো সিদ্ধান্তের তাৎক্ষণিক প্রাপ্তির চেয়ে দীর্ঘমেয়াদি প্রাপ্তিকে অধিক গুরুত্ব দেন। মিষ্টভাষী জনাব কবিরকে অনেকেই ব্যক্তিগতভাবে পছন্দ করে।

ক. আনুষ্ঠানিক নেতৃত্ব কী? ১

খ. নেতৃত্বের ওপর আস্থাবোধ সৃষ্টি কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা করো। ২

গ. ক্ষমতা প্রয়োগের ভিত্তিতে জনাব কবিরের নেতৃত্বের ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. একজন আদর্শ নেতার গুণাবলির আলোকে জনাব কবিরকে মূল্যায়ন করো। ৪

৮. ▶ মি. আজিজ 'XY' নামক প্রতিষ্ঠানের উপমহাব্যবস্থাপক। তিনি প্রতিষ্ঠানের জন্য নিবেদিতপ্রাণ। তিনি হঠাৎ হার্ট অ্যাটাকে আক্রান্ত হলে কর্তৃপক্ষ তাকে প্রাতিষ্ঠানিক খরচে ব্যাংকক থেকে চিকিৎসা করিয়ে আনেন। 'XY' কোম্পানির এমন ব্যবস্থা কর্মীদের মাঝে প্রশংসা কুড়িয়েছে। কিন্তু 'XY' কোম্পানির কারখানায় স্বল্প আলোতে শ্রমিকদের কাজ করতে হয়। বৈদ্যুতিক পাখার অভাবে পর্যাপ্ত বাতাস পাচ্ছে না। এ নিয়ে শ্রমিকদের মাঝে অসন্তোষ সৃষ্টি হচ্ছে।

ক. বোনাস কাকে বলে? ১

খ. পুরস্কার কি প্রণোদনা? ব্যাখ্যা করো। ২

গ. হার্জবার্গের চাহিদা তত্ত্ব মতে 'XY' নামক প্রতিষ্ঠানে কোন ধরনের প্রণোদনা উপাদান বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকে শ্রমিক অসন্তোষের জন্য আর্থিক প্রেষণার অভাবই দায়ী"— তুমি কি একমত? যুক্তিসহ উত্তর দাও। ৪

৯. ▶ জনাব কালাম জনতা সু কোম্পানির উৎপাদন মহাব্যবস্থাপক। তিনি ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্তের আলোকে উপমহাব্যবস্থাপককে ১০,০০০ জোড়া আগুন প্রতিরোধী জুতা উৎপাদনের নির্দেশ দিলেন। নির্দেশটি উপমহাব্যবস্থাপক, অর্থ

https://teachingbd24.com

মহাব্যবস্থাপক, ক্রয় মহাব্যবস্থাপক এমন তেরোটি স্তর পার হয়ে শ্রমিকের কাছে পৌঁছে। জুতা উৎপাদনের নির্দেশের স্থলে শ্রমিকরা জানতে পারে ১০,০০০ জোড়া সেন্ডেল তৈরির আদেশ ঊর্ধ্বতন কর্তৃপক্ষ তাদের দিয়েছে। পুরো ব্যাপারটি অনুরোধ করে কোম্পানির প্রধান নির্বাহী সাংগঠনিক কাঠামো ও পণ্য উৎপাদন নীতি সংশোধন করলেন। যেকোনো সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সর্বোচ্চ তিন জন কর্মকর্তার মতামত লাগবে বলে সিদ্ধান্ত গৃহীত হলো। প্রতিষ্ঠানটি কালক্রমে সাফল্য লাভ করতে লাগল।

ক. ডিকোডিং কী? ১

খ. ফলাবর্তন বলতে কী বোঝায়? ২

গ. কোন ধরনের সাংগঠনিক কাঠামোগত সমস্যার কারণে জনতা সু কোম্পানিতে তথ্য বিকৃতি ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "পরবর্তী পর্যায়ে প্রধান নির্বাহী কর্তৃক গৃহীত পদক্ষেপ প্রতিষ্ঠানটির সফলতা অর্জনে সহায়ক হয়েছে"— মূল্যায়ন করো। ৪

১০. ▶রহিম টেক্সটাইলস লি.-এর হেড অফিস গাজীপুরে। তিনটি কারখানা যথাক্রমে গাজীপুর, কালিগঞ্জ এবং নারায়ণগঞ্জে অবস্থিত। প্রতিষ্ঠানটির উৎপাদন ব্যবস্থাপক উৎপাদন সম্পর্কিত যে সমস্ত নির্দেশনা জারি করেন সেগুলো প্রায়ই কালিগঞ্জ ও নারায়ণগঞ্জ ইউনিটে পৌঁছাতে বিলম্বিত হয়। ফলে উৎপাদন সমন্বয়ে বাধাগ্রস্ত হয়। বর্তমানে পত্র বাহক বা কুরিয়ারের মাধ্যমে নির্দেশনার আদেশ পাঠানো হয়। উৎপাদন ব্যবস্থাপক সিদ্ধান্ত নেন যে তিন ইউনিটের জন্য তিনটি ফ্যাক্স মেশিন ক্রয় করা হবে। মেশিন ক্রয়ের জন্য তিনি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন চায়। দীর্ঘদিন যাবৎ কর্তৃপক্ষ বিষয়টি বিলম্বিত করছে। কারণ বিদ্যমান নীতিমালায় সমন্বয়ের জন্য ফ্যাক্স মেশিন ক্রয়ের সুযোগ নেই। ফলে উৎপাদন ব্যবস্থাপক সিদ্ধান্ত বাস্তবায়ন করতে পারছেন না।

ক. শুরুতেই সমন্বয় কী? ১

খ. নির্দেশের ঐক্য প্রতিষ্ঠায় সমন্বয়ের গুরুত্ব ব্যাখ্যা করো। ২

গ. সমন্বয়ের কোন মৌলিক নীতির অনুপস্থিতির জন্য ব্যবস্থাপকের সিদ্ধান্ত বাস্তবায়ন হচ্ছে না? ব্যাখ্যা করো। ৩

ঘ. কার্যকর সমন্বয়ের উপায় হিসাবে উৎপাদন ব্যবস্থাপকের সিদ্ধান্ত মূল্যায়ন করো। ৪

১১. ▶জনাব ইসমাইল একজন উৎপাদন ব্যবস্থাপক। তিনি স্বশরীরে উপস্থিত থেকে উৎপাদন কাজ তত্ত্বাবধান করেন। প্রয়োজনে উপদেশ ও পরামর্শ দেন। তিনি সম্প্রতি চলমান নিয়ন্ত্রণ ব্যবস্থার কিছু ত্রুটি শনাক্ত করেছেন। কিন্তু ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনড় অবস্থানের জন্য পূর্বের প্রক্রিয়াই অব্যাহত রেখেছেন।

ক. আদর্শমান কী? ১

খ. "নিয়ন্ত্রণ সমন্বয়সাধনে সহায়ক"—ব্যাখ্যা করো। ২

গ. জনাব ইসমাইলের নিয়ন্ত্রণ কৌশলটি কীরূপ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে আদর্শ নিয়ন্ত্রণ ব্যবস্থার কোন নীতি লঙ্ঘিত হয়েছে বলে তুমি মনে করো? যুক্তিসহ উত্তর দাও। ৪

https://teachingbd24.com

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৩০ মিনিট    পূর্ণমান— ৩০    বিষয় কোড : ২ ৭ ৮

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. আধুনিক কর্মী ব্যবস্থাপনার জনক কে?**
ক) হেনরি ফেয়ল    খ) রবার্ট ওয়েন
গ) এডাম স্মিথ    ঘ) এফ.ডব্লিউ. টেলর

**২. দায়িত্ব অর্পণ করা যায় না। এ ধারণাটির সর্বপ্রথম কোন সভ্যতা থেকে পাওয়া যায়?**
ক) সিন্ধু    খ) চৈনিক
গ) গ্রিক    ঘ) ব্যাবিলনীয়

**৩. কোনটি সানজু-এর রচনা?**
ক) The Code of Hummuberi
খ) The Art of War
গ) ইউটোপিয়া    ঘ) ওয়েলথ অব নেশন

**৪. উচ্চ পর্যায়ের ব্যবস্থাপনার মধ্যে পড়ে—**
i. বিভাগীয় ব্যবস্থাপক
ii. ব্যবস্থাপনা পরিচালক
iii. পরিচালক পর্ষদ

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii    খ) i ও iii
গ) ii ও iii    ঘ) i, ii ও iii

**৫. Esprit de Corps একটি—**
ক) ল্যাটিন শব্দ    খ) গ্রিক শব্দ
গ) রোমান শব্দ    ঘ) ফরাসি শব্দ

**৬. কোনটি ব্যবস্থাপনার নীতি নয়?**
ক) শিক্ষাগত যোগ্যতা    খ) নিয়মানুবর্তিতা
গ) শৃঙ্খলা    ঘ) কাজ বিভাজন

**উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।**

জাহাঙ্গীর হোসেন ব্যবস্থাপনা বিভাগের একজন পিয়ন। বিভাগের একজন সহকারী অধ্যাপক তাকে একটি চিঠি পোস্ট করতে বলেন। একই সময়ে এক প্রভাষক কিছু কাগজপত্র ফটোকপি করতে বলেন। এতে জাহাঙ্গীর হোসেন হতাশ হয়ে পড়ে। সে বিষয়টি বিভাগীয় প্রধানকে অবহিত করে।

**৭. ব্যবস্থাপনার কোন নীতি ভঙ্গের জন্য জাহাঙ্গীর হোসেন হতাশা প্রকাশ করেছে?**
ক) নির্দেশনার ঐক্যের নীতি
খ) আদেশের ঐক্যের নীতি
গ) সমন্বয়ের নীতি    ঘ) শৃঙ্খলার নীতি

**৮. এক্ষেত্রে বিভাগীয় প্রধানের করণীয়—**
i. একটি কাজের পর আরেকটি করতে বলবেন
ii. একই সাথে দ্বৈত আদেশ পরিহার করতে বলবেন
iii. দুটি কাজই এক সাথে করতে বলবেন

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii    খ) i ও iii
গ) ii ও iii    ঘ) i, ii ও iii

**৯. ব্যবস্থাপনার নীতি অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণে কর্মীদের ভূমিকা হ্রাসকরণকে বলা হয়—**
ক) শৃঙ্খলা    খ) বিকেন্দ্রীয়করণ
গ) কেন্দ্রীকরণ    ঘ) নিয়ন্ত্রণ

**১০. হেনরি ফেয়ল প্রদত্ত ব্যবস্থাপনার মূলনীতির সংখ্যা কয়টি?**
ক) ৭টি    খ) ৯টি
গ) ১২টি    ঘ) ১৪টি

**১১. কোনটি স্থায়ী পরিকল্পনা?**
ক) বাজেট    খ) কর্মসূচি
গ) প্রকল্প    ঘ) পলিসি

**১২. পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশ কী?**
ক) পরিকল্পনা    খ) বাজেট
গ) প্রকল্প    ঘ) প্রক্রিয়া

**১৩. পদ্মা সেতু নির্মাণের পরিকল্পনাকে কী বলে?**
ক) স্ট্রাটিজিক পরিকল্পনা
খ) একার্থক পরিকল্পনা
গ) স্থায়ী পরিকল্পনা
ঘ) মধ্যমেয়াদি পরিকল্পনা

**১৪. কার্যভিত্তিক ফোরম্যানশিপ নামকরণের উদ্ভাবক কে?**
ক) হেনরি ফেয়ল    খ) এফ. ডব্লিউ টেলর
গ) পিটার এফ ড্রাফার    ঘ) অধ্যাপক নিউম্যান

**১৫. .... অনিশ্চয়তা দূর করে।**
ক) পরিকল্পনা    খ) সংগঠন
গ) নিয়ন্ত্রণ    ঘ) অবনতি

Teachingbd24.com

১৬. দ্রুত সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কোন ধরনের সংগঠন উপযোগী?

ⓚ সরলরৈখিক ⓚ কার্যভিত্তিক

ⓖ কমিটি ⓖ মেট্রিক্স

**উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও।**

নজরুল ইসলামের গার্মেন্টিস প্রতিষ্ঠানে শ্রম বিভাগের মাধ্যমে বিশেষজ্ঞদের ওপর ক্ষমতা অর্পণ করা হয়েছে। এভাবে কর্তৃত্ব ও ক্ষমতা অর্পণ করে উৎপাদন কার্য পরিচালনা করা হচ্ছে।

১৭. নজরুল ইসলামের গার্মেন্টিসে কোন ধরনের সাংগঠনিক কাঠামো বিদ্যমান?

(ক) সরলরৈখিক (খ) কার্যভিত্তিক

(গ) পদস্থকর্মী (ঘ) মেট্রিক্স

১৮. নজরুল ইসলামের গার্মেন্টিস প্রতিষ্ঠানের মতো সাংগঠনিক কাঠামোর মাধ্যমে—

i. নমনীয়তা বৃদ্ধি পায়

ii. স্বেচ্ছাচারিতা হ্রাস পায়

iii. দ্বৈত আদেশের দ্বন্দ্ব দেখা যায়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. কর্মী নির্বাচনে কর্মীর ঝোঁক প্রবণতা কোন পরীক্ষার মাধ্যমে যাচাই করা হয়?

(ক) Efficiency test (খ) Intelligence test

(গ) Aptitude test (ঘ) Personality test

২০. কোনটি কর্মী সংগ্রহের বাহ্যিক উৎস নয়?

(ক) পদোন্নতি

(খ) বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র

(গ) কর্ম বিনিয়োগ কেন্দ্র

(ঘ) শিক্ষা প্রতিষ্ঠান

২১. মৌল ভিত্তিক নেতৃত্বের উদ্ভাবক কে?

(ক) কেইফ ডেভিস (খ) ম্যাকগ্রেগর

(গ) এফ.ই ফিড্‌লার (ঘ) লুকা প্যাসিওলি

২২. প্রেষণার x তত্ত্ব এবং y তত্ত্ব প্রবর্তন করেন—

(ক) মাসলো (খ) ম্যাকগ্রেগর

(গ) হার্জবার্গ (ঘ) ভ্রম

২৩. মাসলোর চাহিদা যোগান তত্ত্বের সর্বোচ্চ ধাপটি হলো—

(ক) আত্মতৃপ্তি (খ) আত্মপ্রতিষ্ঠা

(গ) আত্মসম্মান (ঘ) আত্মবিশ্বাস

২৪. গণযোগাযোগের মাধ্যম হলো—

(ক) রেডিও (খ) চিঠিপত্র

(গ) টেলিফোন (ঘ) সেমিনার

**উদ্দীপকটি পড়ো এবং ২৫ নং প্রশ্নের উত্তর দাও।**

প্রেরক — মাধ্যম — ?

২৫. উদ্দীপকে যোগাযোগ প্রক্রিয়ার কোন উপদানটি বসবে?

(ক) তথ্য (খ) প্রাপক

(গ) গন্তব্য (ঘ) সংবাদ

২৬. সমন্বয়সাধনের মুখ্য উদ্দেশ্য কোনটি?

(ক) মুনাফা বৃদ্ধি

(খ) দলীয় প্রচেষ্টা সংহতকরণ

(গ) কর্মক্ষেত্রে জবাবদিহিতা বৃদ্ধি

(ঘ) সমন্বিত সুযোগ-সুবিধা অর্জন

২৭. সমন্বয়ের কাজ মূলত কে করেন?

(ক) পরিচালক (খ) উর্ধ্বতন নির্বাহী

(গ) ব্যবস্থাপক (ঘ) সুপারভাইজার

২৮. ব্যবস্থাপনায় নিয়ন্ত্রণের সর্বশেষ ধাপ হলো—

(ক) মান নির্ধারণ

(খ) কার্যফল মূল্যায়ন

(গ) কার্যফল তুলনাকরণ

(ঘ) সংশোধনীমূলক ব্যবস্থা গ্রহণ

২৯. কোনটি আধুনিক নিয়ন্ত্রণ পদ্ধতি?

(ক) ব্যক্তিগত পর্যবেক্ষণ

(খ) তথ্য উপাত্ত বিশ্লেষণ

(গ) SWOT বিশ্লেষণ

(ঘ) প্রতিবেদন বিশ্লেষণ

৩০. PERT দ্বারা বোঝায়?

(ক) Performance Evaluation and Right Technique

(খ) Project Evaluation and Review Technique

(গ) Program Evaluation and Review Technique

(ঘ) Profit Evaluation and Revenue Technique

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | খ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | ক |
| ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক | ২১ | গ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | গ |

Teachingbd24.com